Department of Social Services
Human Resources Administration
Department of Homeless Services
Office of Child Support Services

# পে ইট অফ 2025 প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions, FAQ) শীট

**(Bengali)**

দ্রষ্টব্য: Pay It Off-এর জন্য যোগ্য হতে, নন-কাস্টোডিয়াল (ভারপ্রাপ্ত নন) বাবা-মায়েদের NYC ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (NYC Department of Social Services, NYC DSS)-এর কাছে স্থায়ীভাবে ঋণ থাকতে হবে। অধিক তথ্যের জন্য FAQ #3 দেখুন।

### 1. আমি এই ফ্লায়ারটি কেন পেয়েছি?

আপনি এই ফ্লায়ারটি পেয়েছেন কারণ আপনার অন্তত $1,000 ঋণ আছে চাইল্ড সাপোর্ট-এ এবং তার মধ্যে অন্তত $500 ঋণ আছে NYC সরকার/ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (Department of Social Services, DSS)-এর কাছে। NYC একটি সীমিত সময়ের অফার দিচ্ছে, যাতে আপনি আপনার বকেয়া চাইল্ড সাপোর্ট ঋণটি হ্রাস করতে পারেন।

### 2. কীভাবে এই প্রোগ্রামটি কাজ করে?

মার্চ 3, 2025 থেকে মার্চ 14, 2025 পর্যন্ত ন্যূনতম $500 পেমেন্ট করুন এবং পে ইট অফ চুক্তিতে স্বাক্ষর করুন এবং জমা দিন। অফিস অফ চাইল্ড সাপোর্ট সার্ভিস (Office of Child Support Services, OCSS) এরপরে একই পরিমাণে আপনার ঋণ কমিয়ে (আপনার পাওনা যতটা আছে ততটা পর্যন্ত) আপনার পেমেন্টের সাথে অ্যাডজাস্ট করে দেবে।

এখানে একটি উদাহরণ দেওয়া হল:

| | | |
|---|---|---|
| উদাহরণ | 3 মার্চ থেকে মার্চ 14, 2025-এর মধ্যে পে ইট অফের পেমেন্ট করুন | $600 |
| যোগ (+) | ম্যাচ করা পরিমাণ | $600 |
| ***মোট (=)*** | ***সরকারি/DSS ঋণের মোট পরিমাণ হ্রাস পেয়েছে*** | ***$1,200*** |

### 3. NYC ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (Department of Social Services, DSS)-এর কাছে স্থায়ী ঋণ বলে কী বোঝানো হয়েছে?

এটি DSS-এর কাছে বকেয়া চাইল্ড সাপোর্ট, যখন কোনো শিশু ক্যাশ অ্যাসিস্টেন্স-এ থাকে এবং যদি নন-কাস্টোডিয়াল (ভারপ্রাপ্ত নন) বাবা-মা আদালতের নির্দেশমতো অর্থ প্রদান বকেয়া রাখেন।

### 4. আমি কিভাবে অর্থপ্রদান করতে পারি?

আপনি যেভাবেই অর্থপ্রদান করার সিদ্ধান্ত নিন না কেন, আমরা একটি স্বাক্ষরিত Pay It Off চুক্তিপত্র না পেলে পেমেন্টটিকে মেলাতে পারব না। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।

অর্থ প্রদানের চারটি উপায় রয়েছে:

1) চেক, ক্রেডিট/ডেবিট কার্ড, বা মানি অর্ডার সহ **ব্যক্তিগতভাবে** -
   151 W. Broadway, 5th floor
   New York, NY 10013
   সোমবার – শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 5টা (ছুটির দিন ও সপ্তাহান্ত ব্যতীত)

   আপনি এছাড়া আমাদের পাঁচটি OCSS ফ্যামিলি কোর্ট অফিসের একটির স্থানে যেতে পারেন এবং একটি ক্রেডিট/ডেবিট কার্ড পেমেন্ট করতে পারেন: https://on.nyc.gov/contactocss।

2) NYC ACCESS HRA চাইল্ড সাপোর্ট মোবাইল অ্যাপ ব্যবহার করে **অনলাইনে**: www.nyc.gov/childsupportmobile

3) একটি চেক বা মানি অর্ডারের মাধ্যমে **ডাকযোগে** -
OCSS – Pay It Off
PO Box 830
Canal Street Station
New York, NY 10013

4) ফোনে ক্রেডিট/ডেবিট কার্ড পেমেন্ট করতে সকাল 9 টা থেকে বিকেল 5 টার মধ্যে 929-252-5201 নম্বরে **কল** করে।

- ক্রেডিট পাওয়ার জন্য অবশ্যই মার্চ 14, 2025 এর মধ্যে পেমেন্ট করতে হবে। https://on.nyc.gov/paymentmethods-এ কীভাবে পেমেন্ট করবেন সেই সম্পর্কে আরও জানুন।
- পে ইট অফ চুক্তিপত্রের (Pay It Off Agreement) সাথে উপরে উল্লিখিত হিসাবে এটি জমা দিন।
- একাধিক কেসের ক্ষেত্রে, প্রতিটি কেস পিছু একটি পৃথক অর্থপ্রদান এবং একটি পৃথক চুক্তি জমা দিন।
- আপনার চেক কাটুন "NYS Child Support Processing Center"-এর নামে।
- আপনার শিশু সহায়তা কেস পরিচয়পত্র অন্তর্ভুক্ত করুন এবং আপনার পেমেন্টে "পে ইট অফ" নির্দেশ করুন।

*অর্থপ্রদান পদ্ধতি*

দ্রষ্টব্য: গার্নিশমেন্ট (যেমন বেকার ভাতা এবং পেচেক গার্নিশমেন্ট/আয় আটকে রাখার আদেশ (income withholding order, IWO), বাজেয়াপ্ত করা, বা ট্যাক্স ইন্টারসেপ্টের মাধ্যমে সংগৃহীত পেমেন্ট মিলবে **না**।

**5. আমি কেন প্রোগ্রামের জন্য যোগ্য নই, যদি আমার কেবলমাত্র ভারপ্রাপ্ত (কাস্টোডিয়াল) বাবা-মা-এর কাছে ঋণ থাকে এবং DSS-র কাছে নয়।?**

শিশু সহায়তা পরিষেবার অফিস (Office of Child Support Services, OCSS) শুধুমাত্র প্রশাসনিকভাবে NYC সরকার/সমাজসেবা বিভাগ (Department Of Social Services, DSS)-এর কাছে পাওনা ঋণ কমানোর ক্ষমতা রাখে।

যদি আপনার কোনো বকেয়া ঋণ থাকে কাস্টোডিয়াল (ভারপ্রাপ্ত) বাবা-মায়ের কাছে, তাহলে আপনি অংশগ্রহণ করতে পারবেন না। একটি মধ্যস্থতা প্রোগ্রামে অংশগ্রহণ করা কাস্টোডিয়াল (ভারপ্রাপ্ত) পিতামাতার সাথে তাদের বকেয়া ঋণ হ্রাস করার কথা বিবেচনা করার ব্যাপারে কথোপকথন শুরু করার প্রেরণা যোগায়। আমাদের ওয়েবসাইটে মধ্যস্থতা পরিসেবার ফ্লায়ার দেখুন: bit.ly/MediationBrochure।

**6. আমি যদি ন্যূনতম $500 প্রদান করতে না পারি তবে কী হবে?**

এই বিশেষ প্রোগ্রামের জন্য প্রয়োজন যে আপনি সময়-সীমিত অফারের সুবিধা নিতে বকেয়া প্রতি ন্যূনতম $500 প্রদান করবেন।

কিন্তু, আপনার চাইল্ড সাপোর্ট ঋণের ক্ষেত্রে পেমেন্ট প্রদান আপনাকে অন্যদিক থেকে সুবিধা এনে দেবে। আপনি প্রযোজ্য অন্য কোনো কার্যকরীকরণ এড়িয়ে যেতে পারবেন। আপনি আমাদের বকেয়া ক্রেডিট প্রোগ্রামের জন্যও সাইন আপ করতে পারেন, যার জন্য আপনাকে আপনার আদালতের আদেশকৃত মাসিক শিশু সহায়তার দায়িত্ব অনুযায়ী প্রদানকৃত অর্থ অগ্রিম এক বছরের জন্য পরিশোধ করতে হবে এবং শেষে আপনি $5,000 পর্যন্ত ঋণে ছাড় পাবেন। আপনি যদি পে ইট অফ সময়ের মধ্যে সাইন আপ করেন তবে আপনি অতিরিক্ত $2,500 পর্যন্ত ছাড় পাবেন। আপনি এই বিষয়ে আরও বিস্তারিত জানতে পারবেন নিচে দেওয়া FAQ #7 এবং #8 পড়ে।

**7. এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম কী?**

আপনি যেদিন বকেয়া ক্রেডিট প্রোগ্রাম চুক্তিতে স্বাক্ষর করবেন সেই দিন থেকে শুরু করে পুরো এক বছরের (12 মাস) জন্য আপনার আদালতের আদেশকৃত দায়িত্ব অনুযায়ী প্রদানকৃত অর্থের পরিমাণ ধারাবাহিকভাবে পরিশোধ করার পরে বকেয়া ক্রেডিট প্রোগ্রামের (Arrears Credit Program, ACP) দ্বারা আপনি স্থায়ীভাবে বরাদ্দকৃত DSS বকেয়াগুলির জন্য $5,000 পর্যন্ত ঋণে ছাড় পাওয়ার যোগ্য হন। আপনি 3 বছর পর্যন্ত যোগ্য হতে পারবেন এবং মোট $15,000 পর্যন্ত ঋণ হ্রাস পেতে পারেন।

আপনি যদি বকেয়া ক্রেডিট প্রোগ্রামে নথিভুক্ত করেন এবং একই সময়ে আপনি পে ইট অফ-এ অংশগ্রহণ করেন এবং যোগ্য বলে বিবেচিত হন, আপনি সরকার/DSS-এর পাওনা ঋণে $2,500 পর্যন্ত অতিরিক্ত ছাড় পাওয়ার জন্য যোগ্য হন।

এখানে একটি উদাহণ দেওয়া হল:



| | | |
|---|---|---|
| উদাহরণ | পেমেন্ট 3 মার্চ থেকে মার্চ 14, 2025-এর মধ্যে করা পেমেন্ট(গুলি) | $500 |
| যোগ (+) | **ম্যাচ করা পরিমাণ** | **$500** |
| যোগ (+) | **স্বাক্ষরিত বকেয়া ক্রেডিট চুক্তি** | **$2,500** |
| ***মোট (=)*** | ***PIO চলাকালীন সরকার/DSS ঋণ কমাতে মোট প্রয়োগ করা হয়েছে*** | ***$3,500*** |

এবং প্রতি বছর, তিন বছরের জন্য, আপনি বকেয়া ক্রেডিট প্রোগ্রাম মেনে চললে অতিরিক্ত $5,000 পর্যন্ত ঋণে ছাড় পাবেন।

একাধিক অ্যাকাউন্ট আছে এমন নন-কাস্টোডিয়াল পিতামাতার জন্য, প্রতিটি পৃথক অ্যাকাউন্টে যথাযথভাবে ক্রেডিট প্রয়োগ করা যেতে পারে।

**8. তার মানে কি আমি পে ইট অফের জন্য সাইন আপ করার সময় বকেয়া ক্রেডিট প্রোগ্রামে সাইন আপ করলে বকেয়া হিসাবে আমি অতিরিক্ত $2,500 ছাড় পাব?**

হ্যাঁ। পে ইট অফ চলাকালীন একটি ACP চুক্তিতে স্বাক্ষর করলে এখনই অতিরিক্ত $2,500 পর্যন্ত ঋণে ছাড় পাওয়া যাবে। বছরের শেষে $5,000 পর্যন্ত অতিরিক্ত ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য হতে এক বছরের মূল্যের (12 মাস) সামঞ্জস্যপূর্ণ এবং সম্পূর্ণ বর্তমান শিশু সহায়তার পেমেন্ট প্রদান করতে হবে। সেই বছর শুরু হবে সেই তারিখ থেকে, যেদিন আপনি এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম চুক্তিটি স্বাক্ষর করবেন। আপনি 3 বছর পর্যন্ত যোগ্য হতে পারবেন এবং মোট $15,000 পর্যন্ত ক্রেডিট পেতে পারেন।

**9. আমি কি 3 মার্চ থেকে মার্চ 14, 2025 এর মধ্যে একাধিক পেমেন্ট করতে পারি? উদাহরণস্বরূপ, যদি আমি প্রোগ্রামের 3 সপ্তাহে এবং প্রোগ্রামের দ্বিতীয় সপ্তাহে $1,000 প্রদান করি, পরে যদি আমি আরও $1,000 দিই, এইভাবে আমি কি দুইবার পেমেন্ট করতে পারি?**

হ্যাঁ, আপনি 3 মার্চ থেকে মার্চ 14, 2025 এর মধ্যে একাধিকবার পেমেন্ট করতে পারবেন যতক্ষণ না পর্যন্ত মার্চ 14, 2025 এর মধ্যে সমস্ত দেয় পেমেন্টগুলি দেওয়া যায় এবং সব মিলিয়ে সেগুলি $500-এর বেশি হয়, এবং আপনি প্রোগ্রামের শেষ তারিখের মধ্যে প্রতিটি পেমেন্টের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেন এবং পাঠান। সঠিকভাবে পেমেন্ট করবেন কীভাবে তার নির্দেশাবলীর জন্য FAQ#4 এ দেখুন।

### 10. আমি কীভাবে Pay It Off চুক্তি এবং/অথবা এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম আবেদনপত্র জমা দেব?

আপনি পে ইট অফ চুক্তির একটি অনুলিপি পেতে পারেন এবং এটি জমা দিতে পারেন নিম্নরূপে:

*Pay It Off চুক্তিপত্র*

1. https://nyc.gov/payitoff থেকে পে ইট অফ চুক্তি ডাউনলোড করুন।
   আপনি মেইলের মাধ্যমে একটি পেয়ে থাকতে পারেন।
2. চুক্তিপত্রটি সম্পূর্ণ করে স্বাক্ষর করুন। ক্রেডিট পাওয়ার জন্য **প্রতিটি ক্ষেত্রে** একটি পৃথক চুক্তির প্রয়োজন।
3. নিম্নরূপে চুক্তি এবং আপনার স্ব-চিত্র পরিচয় পত্রের একটি অনুলিপি জমা দিন:
   dcse.cseweb@dfa.state.ny.us-এ **ইমেলের মাধ্যমে**, আপনার পুরো নাম এবং কেস পরিচয়পত্র এবং "পে ইট অফ" অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

   **ডাকযোগে** নিম্নলিখিত ঠিকানায়:

   OCSS – Pay It Off
   PO Box 830
   Canal Street Station
   New York, NY 10013

   **সশরীরে** উপস্থিত হয়ে:

   151 W. Broadway, 4th floor
   New York, NY 10013
   এ সোমবার থেকে শুক্রবার সকাল ৪ টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত (ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

আপনি bit.ly/ArrearsCreditApp থেকে বকেয়া ক্রেডিট প্রোগ্রামের আবেদনটি ডাউনলোড করতে পারেন। পে ইট অফ অ্যাপ্লিকেশনের সাথে উপরে উল্লিখিত হিসাবে এটি জমা দিন।

*ACP অ্যাপ্লিকেশন ওয়েবপেজ ACP অ্যাপ্লিকেশন*

### 11. আমি যদি আমার পেমেন্ট জমা দিই কিন্তু চুক্তি না সই করি, তবে কী হবে?

চুক্তি স্বাক্ষর না করলে আপনি Pay It Off ম্যাচের জন্য যোগ্য হবেন না। আপনাকে অবশ্যই মার্চ 14, 2025 এর আগে চুক্তিটি সম্পূর্ণ করে, স্বাক্ষর করে এবং তা ফেরত দিতে হবে। FAQ #10 দেখুন।

### 12. আমার ঋণে কত টাকা বকেয়া আছে?

আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স জানতে OCSS-এর সাথে যোগাযোগ করুন:

- **ইমেল** dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার ইমেইল অনুসন্ধানে আপনার পুরো নাম এবং শিশু সহায়তার কেস নম্বরটি অথবা জন্ম তারিখ অন্তর্ভুক্ত করুন।
- একজন কাস্টমার সার্ভিস কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের **অনুরোধ** জানান ইমেল করে এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার নাম, শিশু সহায়তার কেস নম্বর বা জন্ম তারিখ, আপনার উদ্বেগের(গুলির) বিষয়বস্তু, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার উপযুক্ত সময় প্রদান করুন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে লিখবেন "একটি গ্রাহক সেবা অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করা হচ্ছে (Requesting a Customer Service Appointment)" লিখুন।
- **ফোন করুন** New York State Child Support Helpline নম্বর 888-208-4485-এ।
- OCSS-এ আমাদের **মেইল** করুন, Pay it Off, PO Box 830, Canal Street Station, New York, NY 10013.
- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল ৪ টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

**13. যদি আমি $500 প্রদান করি, তাহলে আমার ঋণে তার কতটা জমা হবে?**

এটি নির্ভর করবে আপনার নির্দিষ্ট কেসের উপর। উদাহরণস্বরূপ, যদি আপনি $500 প্রদান করেন, তখন যতটা আপনার ঋণ আছে তার মধ্যে আপনার ঋণ হ্রাস হতে পারে $1,000 পর্যন্ত। FAQs #2 এবং #7-এ দেওয়া উদাহণ আপনার জন্য সহায়ক হতে পারে।

**14. কে অর্থ পাবেন যদি DSS এবং ভারপ্রাপ্ত বাবা-মা উভয়ের কাছেই আমার ঋণ থাকে?**

অর্থটি বন্টন করা হবে ফেডারাল বন্টনের নিয়ম অনুযায়ী। আপনার কেসের বিষয়ে বিস্তারিত জানতে, আপনি এইগুলি করতে পারেন:

- **ইমেইল** dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার ইমেইল অনুসন্ধানে আপনার পুরো নাম এবং শিশু সহায়তার কেস নম্বরটি অথবা জন্ম তারিখ অন্তর্ভুক্ত করুন। কেউ আপনাকে ফোন করবেন অথবা আপনার মেইলের উত্তর দিবেন।
- একজন কাস্টমার সার্ভিস কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের **অনুরোধ** জানান ইমেল করে এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার পুরো নাম, শিশু সহায়তার কেস নম্বর বা জন্ম তারিখ, আপনার উদ্বেগের(গুলির) বিষয়বস্তু, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার উপযুক্ত সময় প্রদান করুন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে লিখবেন "Pay It Off Requesting a Customer Service Appointment" (পে ইট অফ কাস্টমার সার্ভিস অপয়েন্টমেন্টের অনুরোধ জানানো)।
- **ফোন করুন** New York State Child Support Helpline নম্বর 888-208-4485-এ।
- (শিশু সহায়তা পরিষেবার অফিস) OCSS-এ আমাদের **মেইল** করুন - Pay It Off, PO Box 830, Canal Street Station, New York, NY 10013.
- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল 8 টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

**15. যদি আমার ঋণ অন্য একটি রাজ্য বা দেশের কাছে হয়, তবে কি আমি এই প্রোগ্রামের জন্য তবুও যোগ্য হব?**

না, এই প্রোগ্রামের ম্যাচ শুধুমাত্র NYC সরকার/ডিপার্টমেন্টের সামাজিক পরিষেবা কাছে বকেয়া সমাজ সেবা বিভাগ (DSS)।

**16. আমি কি Pay It Off প্রোগ্রামে এই বছরে অংশগ্রহণ করার জন্য যোগ্য, যদি আমি আগের বছরে অংশগ্রহণ করে থাকি?**

হ্যাঁ।

**17. DSS-এ প্রদেয় সুদের সাথে আমার কাছে অর্থ বিচার থাকলে কী হবে?**

যদি সুদ ছাড়াই NYC DSS-এর কাছে বকেয়া অর্থ বিচারের মূলধন সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়, তাহলে OCSS সমস্ত বকেয়া সুদও মুছে ফেলবে।

**18. আমি যদি DSS-এর কাছে বকেয়া অর্থ বিচারের মূল অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ করি, তাহলে কি আমার সমস্ত সুদ মাফ হয়ে যাবে?**

হ্যাঁ।

**আপনি কি শারীরিক বা মানসিক ভাবে অসুস্থ বা প্রতিবন্ধী?** এই অবস্থার কারণে এই বিজ্ঞপ্তি বুঝতে কি আপনার অসুবিধা হচ্ছে অথবা এই বিজ্ঞপ্তিতে যা করতে বলা আছে তা করতে পারছেন না? এই অবস্থার কারণে কি HRA-তে অন্যান্য পরিষেবাগুলি পেতে আপনার সমস্যা হচ্ছে? **আমরা আপনাকে সাহায্য করতে পারি।** 718-557-1399 নম্বরে আমাদের ফোন করুন। আপনি যখন HRA অফিসে আসবেন তখনও সাহায্য চাইতে পারেন। আইনের অধীনে এই ধরনের সহায়তা চাওয়ার অধিকার আপনার আছে।